



Office for People With Developmental Disabilities

KATHY HOCHUL
গভর্নর

WILLOW BAER
অ্যাঙ্কিং কমিশনার

প্রিয় পিতামাতা/অভিভাবক:

হাই স্কুলে পড়ার সময়টি ভীষণ আকর্ষণীয়, যে সময় শিক্ষার্থীরা তাদের ভবিষ্যৎ পরিকল্পনা শুরু করেন। হাই স্কুলের উপযুক্ত বয়সী শিক্ষার্থীর পিতামাতা হিসাবে, সন্তানকে ভবিষ্যতের জন্য প্রস্তুতি নেওয়ার ক্ষেত্রে আপনার অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে।

ট্রানজিশন প্ল্যানিং হলো স্কুলগুলির ব্যবহার করা এমন একটি প্রক্রিয়া যার সাহায্যে হাই স্কুল শেষ হওয়ার পরে প্রতিবন্ধিতা থাকা শিক্ষার্থী ও তাদের পরিবারকে ভবিষ্যৎ পরিকল্পনা করতে সাহায্য করা হয়। আপনার সন্তান রিজেন্টস বা লোকাল ডিপ্লোমা সহ গ্রাজুয়েট হলে অথবা তার যথোচিত অবৈতনিক সর্বজনীন শিক্ষার অ্যাক্সেস শেষ হলে, স্কুলের বিভিন্ন পরিষেবা উপলভ্য আছে। আমরা আপনাকে ও আপনার সন্তানকে এইসব পরিষেবা সম্পূর্ণ রূপে ব্যবহার করতে উৎসাহিত করি।

আপনি এবং আপনার সন্তান সমস্ত কমিটি অন স্পেশাল এডজুকেশন (CSE) মিটিংয়ে ট্রানজিশন প্ল্যানিং নিয়ে আলোচনা করার সুযোগ পাবেন। এই আলোচনায় যেসব বিষয় অন্তর্ভুক্ত থাকতে পারে তার মধ্যে রয়েছে, চাকরি বা ক্যারিয়ারের জন্য প্রস্তুতি নেওয়ার জন্য হাই স্কুল শেষ হওয়ার পর শিক্ষা ও প্রশিক্ষণের পরিকল্পনা; প্রাপ্তবয়স্কদের পড়াশোনা শিক্ষাগত অন্যান্য কর্মসূচি চালিয়ে যাওয়া; কমিউনিটিতে সক্রিয় থাকা; চাকরি পাওয়া ও তা বজায় রাখা; স্বনির্ভর জীবনযাপন; এবং/অথবা প্রাপ্তবয়স্কদের জন্য উপলভ্য অন্যান্য পরিষেবা। আপনার সন্তানের ট্রানজিশন প্ল্যান 15 বছর বয়সের মধ্যে কার্যকর হওয়া উচিত (8 NYCRR 200.4(d)(2)(ix)), তবে তা আরো আগেই শুরু হতে পারে। পরিকল্পনা প্রক্রিয়াটিতে আপনি এবং আপনার সন্তান উভয়েই অন্তর্ভুক্ত থাকলে সেটি সবচেয়ে সফল হয়।

আপনার সন্তানের বিকাশগত প্রতিবন্ধিতা থাকলে, আপনি নিউ ইয়র্ক স্টেট অফিস ফর পিপল উইথ ডেভেলপমেন্টাল ডিসেবিলিটিস (OPWDD)-এর প্রদান করা পরিষেবাগুলির ব্যাপারে জেনে নিতে পারেন। OPWDD বিভিন্ন পরিষেবা প্রদান করে, যার মধ্যে রয়েছে বাড়িতে সহায়তা দেওয়া, কমিউনিটিতে সহায়তা দেওয়া এবং বিকাশগত প্রতিবন্ধিতা থাকা শিক্ষার্থীদের স্কুল থেকে প্রাপ্তবয়স্ক জীবনে ট্রানজিশনে সাহায্য করতে কর্মসংস্থান সংক্রান্ত প্রশিক্ষণ। এইসব সহায়তা পাওয়া জন্য শিক্ষার্থী ও তার পরিবারকে অবশ্যই আবেদন জানাতে হবে এবং তারা যে পরিষেবা চাইছে সেটির শর্ত পূরণের জন্য প্রয়োজনে তাদেরকে Medicaid-এর জন্যও আবেদন করতে হতে পারে।

OPWDD যোগ্যতা ও পরিষেবা সম্পর্কে আরো জানতে, আপনি ও আপনার সন্তান OPWDD Front Door ভিডিও দেখতে পারেন যা <https://opwdd.ny.gov/get-started> লিঙ্কে উপলভ্য আছে। আরো তথ্য এবং ব্যক্তি ও পরিবারের জন্য পরিষেবা অধিগমন সংস্থান পুস্তিকা (অ্যাক্সেস টু সার্ভিসেস রিসোর্স বুকলেট)-এর কপি পেতে, <http://www.opwdd.ny.gov/get-started> লিঙ্কে যান। যেসব শিক্ষার্থীর আগে থেকেই OPWDD যোগ্যতা রয়েছে এবং যারা কেয়ার কোঅর্ডিনেশন অর্গানাইজেশন (CCO)-এর সাথে সংযুক্ত রয়েছেন, তাদের প্রাপ্তবয়স্কদের জন্য উপলভ্য পরিষেবার অনুরোধ করার জন্য নিজস্ব কেয়ার ম্যানেজারের সাথে যোগাযোগ করা উচিত।

আপনি যদি মনে করেন যে আপনার সন্তানের ভবিষ্যৎ জীবনে OPWDD-এর প্রদান করা সহায়তা ও পরিষেবার প্রয়োজন হতে পারে, তাহলে আপনার যত তাড়াতাড়ি সম্ভব আমাদের সাথে যোগাযোগ করা উচিত। আপনি যদি চান যে স্কুল ডিস্ট্রিক্ট কোনো OPWDD প্রতিনিধিকে আপনার সন্তানের ট্রানজিশন প্ল্যানিংয়ের জন্য অংশগ্রহণ করতে আমন্ত্রণ জানাক, তাহলে আপনাকে শিক্ষাগত ও স্বাস্থ্য বিষয়ক রেকর্ড প্রকাশ করার ব্যাপারে সম্মতি জানিয়ে স্বাক্ষর করতে হবে এবং OPWDD প্রতিনিধিকে আমন্ত্রণ জানানোর জন্য আপনার স্কুলকে বলতে হবে। ফেডারেল আইন এবং নিউ ইয়র্ক স্টেট প্রবিধান অনুযায়ী শিক্ষাগত রেকর্ড প্রকাশ করার জন্য সম্মতি

জানানোর প্রয়োজন হয়।

আপনার সন্তানের জন্য উপযুক্ত পরিষেবা এবং তার সফল ভবিষ্যতের ট্রানজিশন প্ল্যানিং করার কাজে আপনার ও আপনার পরিবারের সাথে যৌথভাবে কাজ করার জন্য আমরা অধীর আগ্রহে অপেক্ষা করছি। OPWDD সম্পর্কে আপনার কোনো প্রশ্ন থাকলে, অনুগ্রহ করে স্থানীয় রিজিওনাল ফিল্ড অফিস (RFO)-এর সাথে যোগাযোগ করুন। আপনি **866-946-9733** নাম্বারে আমাদের ইনফরমেশন লাইনে কল করে অথবা info@opwdd.ny.gov আইডিতে ইমেইল পাঠিয়ে RFO-র সাথে যোগাযোগ করার যাবতীয় তথ্য পেয়ে যাবেন।

আন্তরিকভাবে,

Willow Baer
অ্যাক্টিং কমিশনার

সংশোধিত 8/2/2024